গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইউরোপ-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
(www.erd.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং Government of the Federal Republic of Germany এর মধ্যে আজ, ১৮ অক্টোবর ২০২৬ তারিখে ঢাকায় **'Socio-Economic support for Host and FDMN Communities in Cox's Bazar (SHADE)'** শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), অর্থ মন্ত্রণালয় এবং জার্মান সরকারের পক্ষে Mr. Mark Gombert, কান্ট্রি ডিরেক্টর, GIZ, ঢাকা সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন।

স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় SHADE প্রকল্পের জন্য অতিরিক্ত অর্থায়ন হিসেবে জার্মান সরকারের প্রতিশ্রুত অনুদান সহায়তার পরিমাণ মোট ২ মিলিয়ন ইউরো (প্রায় ২৭ কোটি ৭৪ লাখ টাকা)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় প্রকল্পটি বাস্তবায়ন করছে। উল্লেখ্য, ইতিপূর্বে মূল অনুদান চুক্তির আওতায় আলোচ্য প্রকল্পে জার্মান সরকার কর্তৃক ৫.০০ মিলিয়ন ইউরো অনুদান সহায়তা প্রদান করা হয়েছে। কক্সবাজার জেলার স্থানীয় এবং জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার জনগোষ্ঠী (Forcibly Displaced Myanmar Nationals-FDMN)-এর পারস্পরিক শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা এ প্রকল্পের মূল লক্ষ্য।

জার্মান সরকার ১৯৭২ সাল থেকে বাংলাদেশের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করে আসছে। এ যাবত জার্মান সরকারের প্রতিশ্রুত আর্থিক ও কারিগরি সহায়তার মোট পরিমাণ প্রায় চার (৪.০০) বিলিয়ন ইউরো। বর্তমানে বাংলাদেশে GIZ-এর ১২১.৬২ মিলিয়ন ইউরো অনুদান সহায়তায় ২১টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।

১৮/১০/২৬

মোঃ মাকসুদ আলম
উপসচিব
ফোন: ৪৮১১৯৮৭১

Government of the People's Republic of Bangladesh
Ministry of Finance
Economic Relations Division
Europe-3 Branch
Sher-e-Bangla Nagar, Dhaka.
(www.erd.gov.bd)

PRESS RELEASE

A Memorandum of Understanding (MoU) has been signed between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Federal Republic of Germany today, 18 October 2026, for the implementation of the project titled **'Socio-Economic Support for Host and FDMN Communities in Cox's Bazar (SHADE).'** Mr. Md. Shahriar Kader Siddiky, Secretary, Economic Relations Division (ERD), Ministry of Finance, signed the MoU on behalf of the Government of Bangladesh, while Mr. Mark Gombert, Country Director, GIZ Bangladesh, signed on behalf of the German side.

The German Government has committed an additional EUR 2 million in grant assistance (approximately BDT 27.74 crore) for the project. The Ministry of Disaster Management and Relief is implementing the project. It may be noted that the German Government has previously provided EUR 5 million in grant assistance for this project under the original MoU. The primary objective of the project is to promote peaceful coexistence between local communities and Forcibly Displaced Myanmar Nationals (FDMN) in Cox's Bazar district.

Germany has been a development partner of Bangladesh since 1972. To date, the total financial and technical assistance committed by the German Government amounts to approximately EUR 4 billion. Currently, 21 projects are being implemented in Bangladesh with grant assistance of EUR 121.62 million through GIZ.



M. Maksud Alam
Deputy Secretary
Phone: 48119871